



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2022-23



BNGACOR11T-BENGALI (CCH)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাণ্ডিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রাণ্ডের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪= ৪০

একক - ১

(ক) 'এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম' — বঙ্কিমচন্দ্রের এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে 'রাজসিংহ' উপন্যাসটিকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা তা আলোচনা করো। ১০

অথবা

(খ) 'রাজসিংহ' উপন্যাসের সমাপ্তি মুহূর্তে অসমাপ্তির ভাব-ব্যঞ্জনা নিয়ে উপস্থিত হয়েছে জেবউন্নিসা। চরিত্রটি বিশ্লেষণ করে 'রাজসিংহ' উপন্যাস সম্পর্কে এই মন্তব্যের যথার্থ্য নিরূপণ করো। ১০

একক - ২

(গ) 'পথের দাবী' উপন্যাসে সমকালীন ভারতবর্ষের রাজনীতি একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। — এই মন্তব্য কতদূর সংগত আলোচনা করো। ১০

অথবা

(ঘ) 'পথের দাবী' উপন্যাসে অপূর্ব চরিত্রটি কোন্ প্রেক্ষিতে তাৎপর্যবহু হয়ে উঠেছে, তা নির্দেশ করো। ১০

একক - ৩

(ঙ) 'গণদেবতা' উপন্যাসে 'গণদেবতা' কে ? নামকরণের সার্থকতা বিচার করে বিষয়টি স্পষ্ট করো। ১০

অথবা

(চ) তারাক্ষরের 'গণদেবতা'-য় দুর্গার ভূমিকা ও তার চরিত্র বর্ণনা করো। ১০

একক - ৪

(ছ) 'পদ্মানদীর মাঝি' বাংলা উপন্যাস জগতে এক অভিনব ধারার সূচনা করেছিল। উপন্যাসটির পটভূমি, কাহিনি ও চরিত্রসৃষ্টি বিশ্লেষণ করে এই অভিনবত্বের স্বরূপ প্রকাশ করো। ১০

অথবা

(জ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কেন্দ্রে রয়েছে কুবের চরিত্রের গোষ্ঠীস্বভাব থেকে বাস্তবভাবে নিষ্করণ তথা মুক্তি। — আলোচনা করো। ১০

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে)
- (ক) “যাহাকে আমার বিবাহ করিতে ইচ্ছা করে, তাহার চিত্র ত
তুমি পা দিয়া ভাঙ্গিয়া ফেলিয়াছ।”
— কে, কাকে, কেন একথা বলেছে ?
- (খ) ‘কবি, তুমি প্রাণ খুলে শুধু সামাজিক বিপ্লবের গান শুরু করে দাও।’
— কবি কে ? প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো।
- (গ) “কানা হবেন — কানা হবেন — অন্ধ হবেন; হাতে কুষ্ঠ হবে — সর্বস্ব যাবে — ভিক্ষে করে খাবেন।”
— বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।
- (ঘ) “আমি একা ফিরিয়া আইলাম গো মামা, সবকটারে গাঙের জলে ভাসাইয়া দিয়া আমি একা ফিরিয়া আইলাম।”
— ‘আমি’ কে ? ‘মামা’র নাম কি ? বক্তার এরূপ মন্তব্যের কারণ নির্দেশ করো।

—x—